

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-৩ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd




নং-২১.০০.০০০০.০১০.৩১.০৩৭.১৯.-২০৬

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭
১৪ মার্চ ২০২১

বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপন প্রসঙ্গে।

সূত্রঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং- ৪৮.০০.০০০০.০০১.২৩.০০৭.২০২০-১৪, তারিখঃ ০৯/০২/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নসহ পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অত্র বিভাগে গঠিত কমিটির গত ০২/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় কর্মসূচি পালনের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে (কমিটির ১ম সভার কার্যবিবরণীর কপি সংযুক্ত)। পরবর্তীতে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন পরিকল্পনা বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ যৌথভাবে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনে কর্মসূচি বাস্তবায়ন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রমের বিবরণ শীঘ্রই প্রেরণ করা হবে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।


(সাবিকুননাহার শারমীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৮১১৪৭৫৬
sasadmin3@imed.gov.bd

সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহণপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(দৃঃআঃ উপসচিব (প্রশাসন-১))

অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, সাধারণ ও সমন্বয়, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. উপসচিব, সমন্বয় ও এম আই এস সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd


বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গঠিত কমিটির অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শোহেলের রহমান চৌধুরী
মহাপরিচালক, সিপিটিইউ
তারিখ : ২রা মার্চ, ২০২১
সময় : সকাল ১০.৩০টা
স্থান : সিপিটিইউ এর সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেওয়া হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় সাথে উদযাপনের লক্ষ্যে এই বিভাগে বছরব্যাপী কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সদস্যদের কাছ থেকে আইডিয়া আহ্বান করেন। তিনি বলেন প্রাপ্ত আইডিয়াগুলো নিয়ে ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়কালে অর্থাৎ বছরব্যাপী কর্মসূচির প্রণয়ন করে সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করা হবে এবং অনুমোদিত কর্মসূচি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সদস্য সচিব জানান যে কমিটির কার্যপরিধি (২) অনুযায়ী পরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে কর্মসূচি প্রণয়নের বিষয়ে যোগাযোগ করে জানা যায় আগামী ৪মার্চ, ২০২১ সকাল ১১:০০ ঘটিকায় এই বিষয়ে একটি সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় এই বিভাগের প্রতিনিধি অংশগ্রহণ করবেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়গুলো কর্মসূচির অংশ হিসেবে গ্রহণ করার জন্য সচিব মহোদয় বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

- ক) ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার গঠন;
 - খ) প্রকল্প মনিটরিং করার উপর প্রকল্প পরিচালকদের জন্য গাইডলাইন/ব্রশিয়ার প্রস্তুত করা;
 - গ) মুক্তিযুদ্ধ বিষয়ক সকল (চলমান এবং সম্পন্ন) এবং প্রকল্পসমূহের প্রভাব সংবলিত প্রকাশনা বের করা;
 - ঘ) “বঙ্গবন্ধু ও উন্নয়ন ভাবনা” শীর্ষক একটি চিত্র প্রদর্শনীর আয়োজন;
 - ঙ) চলমান মুক্তিযুদ্ধ বিষয়ক প্রকল্পের দ্রুত বাস্তবায়নের সহায়তা প্রদান করার জন্য পর্যালোচনা সভা আয়োজন করা;
 - চ) আলোচনা সভা, র্যালি এবং চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন ইত্যাদি;
 - ছ) পরিকল্পনা বিভাগের সাথে সম্মিলিতভাবে কর্মসূচিতে অংশগ্রহণ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- ৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


২.৬.২০২১
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (সিপিটিইউ)

ও

আহ্বায়ক

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গঠিত কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ